

কৃষি বিশ্ববিদ্যালয়ে ২ দিনব্যাপী আন্তর্জাতিক কর্মশালা অনুষ্ঠিত

ডাইস চ্যান্সেলর প্রফেসর মু. মুস্তাফিজুর রহমান বলেন, জীব-বৈচিত্র্য ও মৎস্য প্রজাতিসহ কৃষির সমস্ত খাত-উপখাতের দুর্লভ জ্ঞাত সংরক্ষণের মধ্য দিয়ে মানব সভ্যতার বিকাশধারা ধরে রাখার পাশাপাশি সমৃদ্ধ জীবনমান নিশ্চিত করতে প্রয়োজন গণসচেতনতা ও গভীর পর্যবেক্ষণ।

প্রফেসর মুস্তাফিজ 'উন্নত খাদ্য ও পুষ্টি চাহিদা পরিপূরণে শস্যক্ষেতে ও মুক্ত জলাশয়ে বিলুপ্তপ্রায় ছোট মাছের জাত সংরক্ষণের গুরুত্ব' শীর্ষক দু'দিনব্যাপী আন্তর্জাতিক কর্মশালার উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথির ভাষণে একথা বলেন।

কৃষির অপেক্ষাকৃত গুরুত্বপূর্ণ গবেষণায় সহযোগিতা দানের লক্ষ্যে দাতা সংস্থা ও জাতীয় নীতিনির্ধারণী মহলের দৃষ্টি আকর্ষণ করে তিনি বলেন, দরিদ্র এবং প্রান্তিক জনগোষ্ঠীর স্বাস্থ্য ও পুষ্টি চাহিদার প্রতি লক্ষ্য রেখে যুগোপযোগী ও কার্যকর পদক্ষেপ গ্রহণের মধ্য দিয়ে সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণ সম্ভব।

ডানিডা/এনরিকার অর্থায়নে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ও ডানিডা/এনরিকার যৌথ উদ্যোগে ছাত্র-শিক্ষক কেন্দ্রের কনফারেন্স হলে অনুষ্ঠিত এ উদ্বোধনী অধিবেশনে সভাপতিত্ব করেন ডানিডা/এনরিকা প্রকল্পের মৎস্য বিষয়ক কো-অর্ডিনেটর ড. শকুন্তলা খিলস্ট্যাড।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন রয়েল ড্যানিশ অ্যাগ্ৰিসির কনসুলার পল এরিখ স্মিথ এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক ডাইস চ্যান্সেলর প্রফেসর ড. এ. কে. এম আমীনুল হক। প্রফেসর ড. মো. আবদুল ওয়াহাব উপস্থাপিত মূল প্রবন্ধের ওপর বক্তব্য রাখেন প্রফেসর ড. সোমেন দেওয়ান; প্রফেসর ড. মো. কামাল প্রমুখ।

কর্মশালার মূল প্রতিপাদ্য হচ্ছে : পরিবেশ, সংরক্ষণে বিলুপ্তপ্রায় ছোট মাছের জাত বাঁচাও। দু'দিনব্যাপী এ কর্মশালার ১৬টি কারিগরি অধিবেশনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এবং জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন সংস্থার তিন শতাধিক বিজ্ঞানী ও মৎস্য বিশেষজ্ঞ অংশগ্রহণ করেন। সংবাদ বিজ্ঞপ্তি।